

# সোনামাণিদের ছড়া

জাকারিয়া মাসুদ

## সূচিপত্র

আল্লাহ মহান	৫
মুনাজাত	৬
বিস্তি পড়ে	৮
নাজাতের উপায়	৯
মোদের নবি	১০
সাতাশ গুণ	১১
ভোর সকালে	১২
ভাই ভাই	১২
কুরআন হাদীস	১৩
মা জননী	১৪
ঘুমের আদব	১৫
খারাপ কাজ	১৫
আমি আজ	১৬
মনের সুখ	১৬
খোকন সোনা	১৭

হরাম কাজ	১৮
বিড়াল ছানা	১৯
ঝাড়ফুঁক	১৯
আলিফ-বা-তা	২০
একপাল পায়রা	২১
আমার ঘর	২১
খোকা যাবে হাটে	২২
ফল ফুল	২৩
তোতাপাখি	২৪
জিভে আসে জল	২৫
বাবার ঋণ	২৬
আম্মু আমার	২৭
প্যাঁকপ্যাঁক	২৮
সুখী সমাজ	৩০
মামার বিয়ে	৩০





## আল্লাহ মহান

আল্লাহ মোদের রিযিকদাতা  
বড়ই মেহেরবান,  
তাঁর দয়াতেই বেঁচে আছে  
নিখিল বিশ্ব জাহান।  
তাঁর হুকুমেই রোজ সকালে  
পাখিরা গান গায়,  
তাঁর আদেশেই সাগর নদী  
নিত্য বয়ে যায়।  
তিনিই হলেন সবার প্রভু  
অসীম দয়াবান,  
তাঁর কাছেতেই ফিরে যাবে  
মোদের সবার প্রাণ।




## নাজাতের উপায়

আল্লাহ হলেন মহান খালিক  
সৃষ্টি সবই তাঁর,  
আল্লাহর নাম জঁপে জঁপে  
জীবন হবে পার।  
শিরক কুফর ছেড়ে দিয়ে  
ফিরে এসো ভাই,  
এটাই হলো দো-জাহানের  
নাজাতের উপায়।






## আমার ঘর



বাবা করেন বাইরে কাজ,  
মা হলেন ঘরের তাজ,  
ভাইটি আমার আমলদার,  
বাজে স্বভাব নেইকো তার,  
আপু ঘরে কুরআন পড়ে,  
আম্মুকে রোজ সেবা করে,  
খোকন আমি ছোট্ট সোনা,  
দুষ্টমিটা করতে মানা।

## একপাল পায়রা

দাদুভাই পুষেছিলেন একপাল পায়রা,  
দিয়েছিল তারে নাকি কোনো এক ভায়রা।  
সাদা-কালো রঙ তার দেখতে কী সুন্দর,  
দূর থেকে দেখে তারে লাগে খুব মনোহর।  
ডিম দেয় পায়রিটা প্রতি মাসে একবার,  
দেখে দেখে হয়ে গেল বাচ্চার সমাহার।





## খোকা যাবে হাটে

খোকা যাবে বাজার হাটে  
বাবার হাতটি ধরে,  
সেই খুশিতে খোকাবাবু  
লাফালাফি করে।  
মাছ কিনবে গোশ কিনবে  
আরও কিনবে ডাল,  
বস্তা ভরে আনবে খোকা  
বিনি ধানের চাল।  
রান্নাবাড়া করবেন মা  
অনেক মজা করে,  
তাই দিয়ে খাবে খোকা  
ছোট্ট থালা ভরে।

